

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২১, ২০১৬

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(সিটি কর্পোরেশন-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ২২ ভদ্র ১৪২৩/০৬ সেপ্টেম্বর ২০১৬

নং ৪৬.০৭০.০৮১.০০০০.১৩৬.১১(অংশ-১).৯৩৬—যেহেতু, আপনি কাজী হাবিবুর রহমান (হাবু), পিতা-মৃত কাজী আঃ রশিদ, ৩৫০, মাদ্রাসা রোড, মীরহাজীর বাগ-৩, যাত্রাবাড়ি, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৫১ নং সাধারণ ওয়ার্টের নির্বাচিত কাউন্সিলর; এবং

যেহেতু, মেয়ার মোহাম্মদ হানিফ ফ্লাইওভারের নিচে বিদ্যমান অবৈধ ট্রাক স্ট্যান্ড উচ্চেদ করার জন্য গত ০১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে পরিচালিত উচ্চেদ কার্যক্রম পরিচালনার সময় আপনি ট্রাক চালক ও শ্রমিকদের উক্ষণী দিয়ে উচ্চেদ কার্যক্রমে বাধা প্রদান করেন এবং রাস্তায় যানচলাচল বন্ধ করে দেয়ার হৃষকি দেন। এছাড়া আপনি দায়িত্বের ম্যাজিস্ট্রেটকে শারীরিকভাবে লাপ্তিত করেন; এবং

যেহেতু, জনপ্রতিনিধি হিসেবে সিটি কর্পোরেশনের সম্পত্তি রক্ষা ও যানজটমুক্ত নগরী গড়ায় ভূমিকা না রেখে আপনি জনস্বার্থের বিবুদ্ধে কাজ করেছেন; এবং

যেহেতু, উক্ত অবৈধ ট্রাক স্ট্যান্ডটি অপসারণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ইতোপূর্বে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন আপনাকে একাধিকবার অনুরোধ করা হলেও আপনি কোন পদক্ষেপ গ্রহণ করেননি; এবং

(১৪৭৪৩)

মূল্য : টাকা ৮.০০

যেহেতু, আপনার এই অসদাচরণ এবং ক্ষমতার অপব্যবহার স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৩ এর উপ-ধারা (ঘ) অনুযায়ী অপসারণযোগ্য অপরাধ।

সেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ পদত্ব ক্ষমতাবলে আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খলিল আহমদ  
উপসচিব।